



জমঈয়ত শুব্বানে আহলে হাদীস বাংলাদেশ جمعية شبان أهل الحديث بنغلاديش JAMIYAT SHUBBANE AHL-AL HADITH BANGLADESH

সূত্র: শুব্বান/কেন্দ্র/২০২৫/১২

তারিখ: ১৪ এপ্রিল ২০২৫

ওয়াকফ সংশোধনী নামক কালো আইনের বিরুদ্ধে তীব্র নিন্দা ও প্রতিবাদ

গত ৪ এপ্রিল ২০২৫ তারিখে ভারতে উগ্র হিন্দুত্ববাদী বিজেপি সরকার মুসলিমদের শত শত বছরের সম্পত্তি দখলের জন্য চূড়ান্তভাবে ওয়াকফ সংশোধনী বিল পাস করেছে এবং তা গেজেট আকারে প্রকাশ করেছে। ভারতে মোট ৯৪০,০০০ একর (৩৮০৮ বর্গকিলোমিটার) জমি ওয়াকফকৃত, যার বাজার মূল্য ১২ বিলিয়ন মার্কিন ডলার। ভারতের রেল সম্পত্তির পর দ্বিতীয় বৃহত্তম সম্পত্তি হল ওয়াকফ সম্পত্তি। এত বিশাল সম্পত্তির প্রকৃত মালিকানা মূলত ভারতীয় মুসলমানদের। কারণ মুহাম্মদ ঘুরীর সময় থেকেই ওয়াকফ শুরু হয়। সুলতানি আমলে এর প্রসার ঘটে এবং মুঘল আমলে অনেক মূল্যবান সম্পত্তি এবং উল্লেখযোগ্য স্থান ওয়াকফ করা হয়। দীর্ঘদিন যাবত ওয়াকফ বোর্ডের মাধ্যমে এই বিশাল সম্পত্তির দেখভাল করা হতো এবং পশ্চিমবঙ্গের ইমাম মুয়াজ্জিনদের বেতন ওয়াকফ বোর্ড প্রদান করত। কিন্তু এই আইন কার্যকর হলে মুসলিমদের লক্ষ লক্ষ একর সম্পত্তি অবৈধভাবে জোরপূর্বক বিজেপি দখল করে নেবে। এ যেন ব্রিটিশদের লাখেরাজ সম্পত্তি দখলের আরেকটি নমুনা। ইতোমধ্যে বিজেপির পুলিশ বাহিনী ওয়াকফের জায়গায় অবস্থিত বেশ কয়েকটি মাদরাসাও দখল করেছে। আইন পাস করার পর পুরো ভারতের ৩৬ কোটি মুসলিম জনগণ ক্ষোভে ফুঁসে উঠেছে এমনকি অন্যান্য ধর্মাবলম্বীরাও এর বিরোধিতা করেছে।

জমঈয়ত শুব্বানে আহলে হাদীস বাংলাদেশ এই অনায্য, অবৈধ, সম্পদ দখলের অপকৌশল ও অন্যায় আইনের তীব্র নিন্দা জানাচ্ছে এবং সেই সাথে দাবি করছে যে, অচিরেই এই কালো আইন বাতিল করে মুসলিমদের সম্পত্তির পূর্ণ নিরাপত্তা বিধান করতে হবে। সেই সাথে পুরো বিশ্বে আমরা দাবি জানাচ্ছি যে, ভারতে প্রতিনিয়ত যেভাবে মুসলিমদের বিরুদ্ধে ষড়যন্ত্র করা হচ্ছে, ধর্ম পালনে বাঁধা দেয়া হচ্ছে, মসজিদ ভেঙ্গে ফেলা হচ্ছে, মুসলিমদেরকে হত্যা করা হচ্ছে এবং তাদের সম্পত্তি দখল করা হচ্ছে- এসবের বিরুদ্ধে একসাথে আওয়াজ তুলুন এবং ভারত সরকারকে ধর্মীয় উস্কানি বন্ধ করতে বাধ্য করুন।

তানযীল আহমাদ

কেন্দ্রীয় যুগ্ম সাধারণ সম্পাদক

জমঈয়ত শুব্বানে আহলে হাদীস বাংলাদেশ

